



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

MC  
13378



২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/সংস্থাপন/ ৪২৬/১

তারিখঃ ২৫.০৪.২০১৮খ্রিঃ

বিষয়ঃ নওগাঁ জেলার রানীনগর উপজেলাধীন পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী থেকে অপসারণ অনুমোদন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।


সূত্রঃ ১০/০১/২০১৮খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার রানীনগর উপজেলাধীন পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী থেকে অপসারণ অনুমোদনের জন্য মাদ্রাসার কর্তৃপক্ষ কর্তৃক চাকুরী থেকে অপসারণ সংক্রান্ত কাগজপত্রসহ আবেদন অত্র বোর্ডে দাখিল করা হয়।

দাখিলকৃত আবেদনের বিষয়টি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির ২৭/০২/২০১৮খ্রিঃ তারিখের সভায় উপস্থাপন করা হয়। কমিটির সম্মানিত সদস্যবৃন্দ উত্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে তদন্ত প্রতিবেদনে সুস্পষ্ট মতামত না থাকায়, শূন্য পদে নিয়োগে সভাপতির স্বাক্ষর থাকায়, প্যাটার্ন বহির্ভূত নিয়োগ এবং স্বাক্ষর জালিয়াতির অভিযোগ প্রমানিত না হওয়ায় সুপার জনাব মোঃ বেলাল হোসেন এর চাকুরী হতে অপসারণ অনুমোদনের আবেদনটি খারিজ করার সিদ্ধান্ত হয়।

বর্ণিত অবস্থায় আপিল এন্ড আরবিট্রেশন কমিটির গৃহীত সিদ্ধান্তটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
25.4.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি-ম্যানেজিং কমিটি;

২) ভারপ্রাপ্ত সুপার, পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রানীনগর, নওগাঁ।

নং-বামাশিবো/সংস্থাপন/

তারিখঃ .০৪.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, রানীনগর, নওগাঁ।
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রানীনগর, নওগাঁ।
৪. জনাব মোঃ বেলাল হোসেন, সুপার, পারইল ইসলামিয়া দাখিল মাদ্রাসা, রানীনগর, নওগাঁ।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪